গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ

তারিখ: ১৯/০৫/২০২৬ খ্রি.

# ॥ ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি ॥

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, নবাবগঞ্জ সরকারি কলেজের ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ ফরম পূরণ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৮-১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্স এ ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য পরীক্ষার্থীদের নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী ফরম পূরণ অনলাইনে সম্পন্ন হবে। উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ০৪ মে ২০২৬ খ্রি. তারিখের স্মারক নং- জাতীঃ বিঃ/পনি/অনার্স ১ম বর্ষ/২০১০/৩১৩৬/১৯২২ অনুযায়ী ফরম পূরণের সকল কর্মকান্ড পরিচালিত হবে। নিম্নে প্রদত্ত ওয়েবসাইট থেকে ১ম বর্ষ অনার্স পরীক্ষার ফরমপূরণ বিষয়ক তথ্য জানা যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি যথাযথভাবে অনুসরণ করে ফরম পূরণ করতে হবে। ওয়েবসাইট : http://ems.nu.ac.bd অথবা www.nubd.info/honours

## ফরম পূরণের টাকা জমাদান ও কমিটির নিকট পূরণকৃত বিবরণী জমা দেয়ার তারিখ

| বিভাগের নাম | ফরম পূরণের টাকা জমাদানের তারিখ | বিভাগ কর্তৃক কমিটির নিকট বিবরণী জমা দেয়ার তারিখ |
|---|---|---|
| সকল বিভাগ | নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ঃ<br>২০/০৫/২০২৬ থেকে ১১/০৬/২০২৬ | ১৭/০৬/২০২৬ তারিখ দুপুর ২.০০ টা পর্যন্ত |

## ॥ নিয়মিত পরীক্ষার্থীদের ফি সমূহ ॥

| বিষয়সমূহ | জাতীয় বিশ্ববিদ্যালয় ফিসমূহ | | | কলেজের ফিসমূহ | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | ফরম পূরণ ফি | কেন্দ্র ফি ব্যবহারিক | ইনকোর্স ফি | কেন্দ্র ফি | কেন্দ্র ফি ব্যবহারিক | ব্যবস্থাপনা ফি | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস. ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি | ২১০০ | ২৫০ | ১৫০ | ৪৫০ | ১৭৫ | ৫০ | ৫০ | ৩২২৫ |
| হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৪০০ | ২৫০ | ১৫০ | ৪৫০ | ১৭৫ | ৫০ | ১১০ | ৩৫৮৫ |
| পদার্থবিজ্ঞান | ২৩৫০ | ৭৫০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ৫০ | ৪৩২৫ |
| রসায়ন | ২৬০০ | ৭৫০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ৫০ | ৪৫৭৫ |
| উদ্ভিদবিজ্ঞান | ২১০০ | ১০০০ | ১৫০ | ৪৫০ | ৭০০ | ৫০ | ৬০ | ৪৫১০ |
| প্রাণিবিজ্ঞান | ২১০০ | ১০০০ | ১৫০ | ৪৫০ | ৭০০ | ৫০ | ১১০ | ৪৫৬০ |
| গণিত | ২৩৫০ | ৭৫০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ০ | ৪২৭৫ |

## ॥ অনিয়মিত পরীক্ষার্থীদের ফি সমূহ : ॥

| বিষয়সমূহ | জাতীয় বিশ্ববিদ্যালয় ফিসমূহ | | | | কলেজের ফিসমূহ | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ফরম পূরণ ফি | কেন্দ্র ফি ব্যবহারিক | বিশেষ অর্ন্তভুক্তি ফি | ইনকোর্স ফি | কেন্দ্র ফি | কেন্দ্র ফি ব্যবহারিক | ব্যবস্থাপনা ফি | প্রস্তুতিমূলক পরীক্ষার ফি | |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইস. ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান ও অর্থনীতি | ২১০০ | ২৫০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ১৭৫ | ৫০ | ৪১০ | ৪১৮৫ |
| হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৪০০ | ২৫০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ১৭৫ | ৫০ | ৪৭০ | ৪৫৪৫ |
| পদার্থবিজ্ঞান | ২৩৫০ | ৭৫০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ৪৬০ | ৫৩৩৫ |
| রসায়ন | ২৬০০ | ৭৫০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ৫১০ | ৫৬৩৫ |
| উদ্ভিদবিজ্ঞান | ২১০০ | ১০০০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ৭০০ | ৫০ | ৪১০ | ৫৪৬০ |
| প্রাণিবিজ্ঞান | ২১০০ | ১০০০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ৭০০ | ৫০ | ৪১০ | ৫৪৬০ |
| গণিত | ২৩৫০ | ৭৫০ | ৬০০ | ১৫০ | ৪৫০ | ৫২৫ | ৫০ | ৪৬০ | ৫৩৩৫ |

বি.দ্র: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

**ফরম পূরণ ফি এর পরিমাণঃ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন ঃ**

অনিয়মিত পরীক্ষার্থী ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক বিষয়ে F গ্রেড পেয়েছে সে সকল পরীক্ষার্থী অনিয়মিত হিসেবে ২০১৩-১৪ শিক্ষাবর্ষের (পুরাতন সিলেবাস অনুযায়ী) ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে Promoted হয়েছে, ঐ সকল পরীক্ষার্থী শুধুমাত্র C, C+ এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় সর্বোচ্চ ০২ (দুই) টি পত্র/কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

যে সকল পরীক্ষার্থী ২০১৮-১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২২ ও ২০২২-২৩, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৫ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে এবং ফলাফল যাই হোকনা কেন A গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

**বিশেষ দ্রষ্টব্য: ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ শিক্ষাবর্ষে বা পূর্ববর্তী শিক্ষাবর্ষে কোন পরীক্ষায় অংশগ্রহণ না করলে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে সে সকল পরীক্ষার্থীকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস ও রেগুলেশনের আলোকে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।**

◈◈ **অনিয়মিত পরীক্ষার্থী (যারা পূর্বে ফরমপূরণ করেছে এবং Promoted হয়েছে।)** ঃ প্রিন্টকৃত ফরমে প্রদর্শিত টাকা + ৫০০ টাকাসহ নোটিশে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

◈◈ **গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী** ঃ প্রিন্টকৃত ফরমে প্রদর্শিত টাকা + ৫০০ টাকাসহ নোটিশে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

◈◈ **অন্যান্য পরীক্ষার্থী** ঃ প্রিন্টকৃত ফরমে প্রদর্শিত টাকা + ৫০০ টাকাসহ নোটিশে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে জমা দিতে হবে।

**ছাত্র-ছাত্রীদের করণীয় ঃ**

◈ শিক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login) এ প্রবেশ করে নিজের রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন করবে। আবেদন ফরমপূরণ প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে উক্ত আবেদন ফরমটি A4 অফসেট কাগজে একটি প্রিন্ট করে নিবে।

◈ www.ngcc.edu.bd ওয়েবসাইটে গিয়ে EMS Portal এ গিয়ে ফরমপূরণের জন্য নিজ প্রোফাইল তৈরি এবং টাকা পরিশোধ করে Receipts Print থেকে Show Payment List ক্লিক করে পেমেন্ট স্লিপ ডাউনলোড করতে হবে এবং ০১ (এক) কপি প্রিন্ট করে নিবে।

◈ **নিম্নেবর্ণিত পদ্ধতি অনুসরণ করে Student's Profile তৈরি ও ফরম পূরণের টাকা জমা দিতে হবে ঃ**

ধাপ ১ : www.ngcc.edu.bd ওয়েবসাইটে গিয়ে EMS Portal এ গিয়ে

ধাপ ২ : Register Now-এ ক্লিক করতে হবে।

ধাপ ৩ : Class Roll/Hons Reg/Masters Reg এই ঘরে **User ID** হিসেবে ২০২৩-২০২৪ ও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে শিক্ষার্থী হলে নিজ শ্রেণি রোল ও অন্যান্য শিক্ষাবর্ষের হলে নিজ রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে।

ধাপ ৪ : নিজের ইচ্ছামতো Password ➔confirm Password➔ দিয়ে Register -এ ক্লিক করতে হবে।

ধাপ ৫ : Pay through Sonali Pay গিয়ে Class Roll/Hons Reg এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে। (Sonali Pay এর ক্ষেত্রে Pay Through Sonali Pay, Bkash App/ Rocket App এর ক্ষেত্রে Education Fee সিলেক্ট করে শিক্ষা প্রতিষ্ঠানের নাম এ Nawabganj Govt. College সিলেক্ট করতে হবে)।

ধাপ ৬ : Connect Sonali Pay-এ ক্লিক করতে হবে।

ধাপ ৭ : শিক্ষার্থীর নাম ও নির্ধারিত **পরীক্ষার ফি** যাচাই করে সঠিক থাকলে ব্যবহারকারীর PIN নম্বর দিয়ে Confirm করতে হবে।

◈ অনিয়মিত পরীক্ষার্থী (যারা পূর্বে ফরমপূরণ করেছে), গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী ও অন্যান্য পরীক্ষার্থী ঃ

ধাপ ১ : **User ID & Password দিয়ে Sign In-এ ক্লিক করে সিলেক্ট করতে হবে।**

ধাপ ২ : Improvement Form Fill-up➔Exam Academic Year➔Exam Session (2024-2025) ➔View Charge and Course Detail এ ক্লিক করলে সংশ্লিষ্ট শিক্ষার্থীর তথ্য আসবে। পরীক্ষার্থী যে যে বিষয়ে মানোন্নয়ন দিবে তা সিলেক্ট করে Add Subject এ ক্লিক করলে মোট বিষয় ও টাকার পরিমাণ দেখতে পাবে। বিষয় ও টাকার পরিমাণ নিশ্চিত হয়ে Save & Print এ ক্লিক করতে হবে। শুধুমাত্র Conditional Promoted (C Promoted) শিক্ষার্থীরা Conditional Improvement Charge এ ক্লিক করে Yes করবে।

**◈ ফরম পূরণের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র নিজ নিজ বিভাগে আগামী ১১/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে জমা দিতে হবে।**

০১। প্রিন্টকৃত আবেদন ফরমের মূল কপি।
০২। ফরম পূরণ ফি জমাদানের রশিদের মূল কপি (কলেজ অংশ)।
০৩। রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১ (এক) কপি।
০৪। প্রবেশপত্রের ফটোকপি ১ (এক) কপি জমা দিবে (মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)।
০৫। পাসপোর্ট সাইজের ছবি ০১ (এক) কপি।

**◈ বিভাগের করণীয় ঃ**

১। পরীক্ষার্থীদের তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রিন্ট করে নিতে হবে। তালিকার বাইরের কোন পরীক্ষার্থীর আবেদন ফরম পূরণ করা যাবে না।
২। সর্বোচ্চ সতর্কতায় নিশ্চয়ন করতে হবে। কোন শিক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা একজনের পরিবর্তে অন্যজনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চায়নের পর ফরম পূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।
৩। জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://cms.nu.ac.bd/cu-login) এ College Log-in (Department) এ প্রবেশ করে আগামী ১৫/০৬/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে নিশ্চয়ন করতে হবে।
৪। নিশ্চয়নকৃত বিবরণী প্রিন্ট নিয়ে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি বাঁধাই করে কমিটির আহ্বায়ক ও প্রাণিবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ কামরুল আহসান এর নিকট জমা দিতে হবে।

**◈ Student's Profile তৈরি ও ফরম পূরণের ফি জমা দিতে কোনো সমস্যা হলে হিসাববিজ্ঞান বিভাগের কম্পিউটার অপারেটর মোঃ তাসেমুল হক এর সাথে যোগাযোগ করা যেতে পারে।**

(প্রফেসর ড. মোঃ সেরাজ উদ্দীন)
অধ্যক্ষ ১৮/৫/২৫
নবাবগঞ্জ সরকারি কলেজ
চাঁপাইনবাবগঞ্জ

১৮/৫/২০২৫
(ড. মোঃ কামরুল আহসান)
আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৫
ও
সহযোগী অধ্যাপক, প্রাণিবিদ্যা
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:
১। উপাধ্যক্ষ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
৩-১৬। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
১৭-১৯। সুপার, সকল হোস্টেল, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
২০। আহ্বায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি (কলেজ ওয়েব সাইটে প্রদর্শন করার অনুরোধসহ)
২১। গ্রন্থাগারিক, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
২২। ক্যাশিয়ার, নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ
২৩। নোটিশ বোর্ড
২৪। অফিস নথি।

১৮/৫/২০২৫
(ড. মোঃ কামরুল আহসান)
আহ্বায়ক, অনার্স ১ম বর্ষ পরীক্ষা কমিটি-২০২৫
ও
সহযোগী অধ্যাপক, প্রাণিবিদ্যা
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ